

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর:

তারিখ: ২ আশ্বিন ১৪২৫

৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২১৫

১৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিটপিটিশন নং ১০৯২৫/১৮ এর আদেশ বলে জনাব মুহাম্মদ মিজানুর রহমান, প্রধান শিক্ষক, খাবাশপুর লাভণ্য প্রভা উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ এর স্থগিতকৃত এম.পি.ও পুনরায় চালু করণ সংক্রান্ত।


সূত্র: (১) অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭-১৪৬, তারিখ: ১১ জুন ২০১৮।

(২) প্রধান শিক্ষক, খাবাশপুর লাভণ্য প্রভা উচ্চ বিদ্যালয় এর ২৬ আগস্ট ২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত "খাবাশপুর লাভণ্যপ্রভা উচ্চ বিদ্যালয়" এর প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ মিজানুর রহমান এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে জেলা প্রশাসক, মানিকগঞ্জ কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে খাবাশপুর লাভণ্যপ্রভা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ মিজানুর রহমান এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হওয়ায়, তার বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) সাময়িক স্থগিতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেওয়া হয়। উক্ত পত্রের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রিট পিটিশন নং ১০৯২৫/২০১৮ দায়ের করা হয়।

০২। এমতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রিট পিটিশন নং ১০৯২৫/২০১৮ এর নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৭-৯-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর:


তারিখ: ২ আশ্বিন ১৪২৫

৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২১৫/১(৪)

১৭ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩) সভাপতি, ম্যানেজিং কমিটি, খাবাশপুর লাবণ্য প্রভা উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ।
- ৪) প্রধান শিক্ষক, খাবাশপুর লাবণ্য প্রভা উচ্চ বিদ্যালয়, সদর, মানিকগঞ্জ।



১৭-৯-২০১৮

আনোয়ারুল হক  
উপসচিব